**জেলা প্রশাসক ও মাঠ প্রশাসনের কর্মকর্তাদের সাথে**
**“প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থানসহ অধিকার ও সুরক্ষা” বিষয়ক সভা অনুষ্ঠিত**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নাধীন “তথ্য প্রযুক্তির মাধ্যমে এনডিডিসহ সব ধরণের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন” প্রকল্পের আওতায় “প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থানসহ অধিকার ও সুরক্ষা” বিষয়ক সভা আইসিটি বিভাগের সিনিয়র সচিব মহোদয় জনাব এন এম জিয়াউল আলম, পিএএ এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বিসিসির নির্বাহী পরিচালক ড. মোঃ আব্দুল মান্নান, পিএএ স্যারের সঞ্চালনায় এ সভায় দেশের সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণ অংশগ্রহণ করেন। সভায় মূল বিষয়বস্তু উপস্থাপন করেন বিসিসি’র পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) জনাব মোহাম্মদ এনামুল কবির।

অন্তর্ভুক্তিমূলক সমাজ বিনির্মাণে প্রতিবন্ধী ব্যক্তিদের সক্ষমতা উন্নয়ন, কর্মসংস্থানের পাশাপাশি তাদের সার্বিক উন্নয়নকল্পে আইসিটি বিভাগের চলমান কার্যক্রমে মাঠ প্রশাসনের সহায়তার বিষয়ে সভায় আলোচনা হয়। মাঠ পর্যায়ে বিশেষ করে জেলা প্রশাসনের অধীনে সরকারি বিভিন্ন প্রোগ্রামে যেখানে কর্মসংস্থানের সুযোগ রয়েছে সেখানে প্রতিবন্ধী ব্যক্তিদের সুযোগ সৃষ্টি করে পিছিয়ে পড়া বিপুল সংখ্যক জনগোষ্ঠীকে উন্নয়নের মূল স্রোতধারায় সম্পৃক্ত করার বিষয়টি সভায় আলোচিত হয় এবং নিম্নবর্ণিত বিষয়সমূহে জেলা প্রশাসনের নিকট প্রত্যাশা করা হয়:

- জেলা/ উপজেলা পর্যায়ে বিভিন্ন নিয়োগ কার্যক্রমে প্রতিবন্ধী ব্যক্তিদের আবদনের সুযোগ ও যৌক্তিকভাবে নিয়োগের ব্যবস্থা;
- সরকারি ও বেসরকারী পর্যায়ে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উপযুক্ত কর্মক্ষেত্র শনাক্তকরণ;
- কর্মসংস্থান এবং নতুন নতুন দক্ষতা উন্নয়নে স্থানীয় ব্যবসায়ী গোষ্ঠীকেউদ্বুদ্ধ করা;
- মাঠ পর্যায়ে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর উদ্দেশ্য বাস্তাবায়নে সহায়তা এবং জেলা কমিটি ছাড়াও উপজেলা ও শহর কমিটি কার্যক্রম মনিটরিং ও সমন্বয়ে ভূমিকা রাখা।

জেলা প্রশাসকগণ আইসিটি বিভাগের চলমান কার্যক্রমে জেলা প্রশাসন সম্পৃক্ত হয়ে সরকারের গৃহীত এ ধরণের মহতী প্রোগ্রামে সহযোগিতা প্রদানের আশ্বাস প্রদান করেন।

আইসিটি বিভাগের সিনিয়র সচিব ও সভার সভাপতি মাঠ পর্যায়ে শিক্ষা কার্যক্রমসহ কর্মসংস্থান এবং তথ্য প্রযুক্তির মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের সক্ষমতা উন্নয়নে করণীয় বিষয় সম্পর্কে পরামর্শ এবং এ সভা থেকে প্রাপ্ত গ্রহণযোগ্য সুপারিসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে কাজ করার নির্দেশনা প্রদান করেন।




